জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়
১১০, মতিঝিল বা/এ
ঢাকা।

জেনারেল ব্যাংকিং ডিপার্টমেন্ট
ফোন নং-৯৫৫০৮৭৩

নির্দেশ বিজ্ঞপ্তি নং-৭৬২/১৭

তারিখ ঃ ০৩/০৮/২০১৭ ইং
১৯ শ্রাবণ ১৪২৪ বাং

সকল মহাব্যবস্থাপক/উপ মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক,
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/এরিয়া অফিস/লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/
সকল কর্পোরেট শাখা/সকল শাখা
বাংলাদেশ।

বিষয় ঃ-ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ সম্মান শ্রেণিতে ভর্তি পরীক্ষার ফি ব্যাংকের যে কোন শাখায় জমা গ্রহণ এবং আবেদনকারীর টাকা জমা দেয়ার তথ্য প্রধান কার্যালয়ের ফরেন রেমিট্যান্স ডিপার্টমেন্ট এ তাৎক্ষণিক প্রেরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

প্রধান কার্যালয়ের জারীকৃত নির্দেশ বিজ্ঞপ্তি নং-৬২৫/২০১৫ তাং-১৯/০৮/২০১৫ অনুসরণ করার জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া হ'ল ।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ সম্মান শ্রেণিতে ভর্তি পরীক্ষার ফরম ও ফি অনলাইনে জমাদানের কার্যক্রম আগামী ০৭/০৮/২০১৭ ইং তারিখ হতে শুরু হয়ে ২৮/০৮/২০১৭ ইং তারিখ পর্যন্ত চলবে মর্মে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অবহিত করেছে। এ ক্ষেত্রে ব্যাংক কর্তৃক নিম্নোক্ত কার্যসম্পাদন করতে হবে।

(ক) ভর্তিচ্ছু প্রার্থী ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি সংক্রান্ত ওয়েবসাইট (admission.eis.du.ac.bd) থেকে পে-ইন স্লিপ ডাউনলোড করে জনতা ব্যাংকের যে কোন শাখায় ভর্তির আবেদন ফি বাবদ ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা জমা দিবেন। জমা গ্রহণের সময় পে-ইন স্লিপের উভয় অংশে আবেদনকারীর একই ছবি আছে কি না এবং স্বাক্ষর করেছে কি না তা নিশ্চিত হয়ে ছবি দুটিতে ব্যাংকের গোল সিল দিতে হবে। প্রত্যেকটি আবেদনপত্রের ব্যাংক কপির অপর পৃষ্ঠায় অবশ্যই শিক্ষার্থী/অভিভাবকের মোবাইল নং লিখে রাখতে হবে।

(খ) আদায়কৃত টাকার মধ্যে ৩৩০/- (তিনশত ত্রিশ) টাকা ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনুকূলে জমা করতে হবে। অবশিষ্ট ২০/-(কুড়ি) টাকার মধ্যে ১৭/- (সতের) টাকা "আয় খাত বিবিধ" এবং ৩/- (তিন) টাকা "ভ্যাট" হিসেবে সরকারী কোষাগারে জমা করতে হবে।

(গ) **আবেদনকারীর তথ্য JB Solution এ Login করে University Admission System এর মাধ্যমে তাৎক্ষণিক প্রেরণ করতে হবে। কোন অবস্থাতেই বিলম্বে অথবা পরবর্তী কর্মদিবসের জন্য অপেক্ষা করা যাবেনা।**

(ঘ) **শাখা হতে প্রেরিত তথ্যে PIN অথবা AID সংক্রান্ত ভুল থাকলে তা University Admission System এর মাধ্যমে অবহিত হতে হবে এবং সংশ্লিষ্ট তথ্য সংশোধন/Edit করতে হবে। নির্দিষ্ট সময়ের (একই কর্মদিবস) মধ্যে সঠিক তথ্য প্রেরণে ব্যর্থ হলে উদ্ভুত পরিস্থিতির দায়-দায়িত্ব সংশ্লিষ্ট শাখা কর্তৃপক্ষকে বহন করতে হবে।**

চলমান পাতা-২

বিষয় ঃ-ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ সম্মান শ্রেণিতে ভর্তি পরীক্ষার ফি ব্যাংকের যে কোন শাখায় জমা গ্রহণ এবং আবেদনকারীর টাকা জমা দেয়ার তথ্য প্রধান কার্যালয়ের ফরেন রেমিট্যান্স ডিপার্টমেন্ট এ তাৎক্ষণিক প্রেরণ প্রসঙ্গে।

(ঙ) প্রতিদিনের সংগৃহীত অর্থ ভর্তি কার্যক্রম পরিচালনার জন্য শাখায় পূর্বে খোলা চলতি হিসাবে জমা রাখতে হবে। আগামী ০৭/০৮/২০১৭ ইং হতে ২৮/০৮/২০১৬ ইং তারিখ পর্যন্ত সংগৃহীত ফি অবশ্যই ০৬/০৯/২০১৭ ইং তারিখে JB Remittance Payment System (সিআইবিটিসিএ) এর মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস শাখায় রক্ষিত-"**DHAKA UNIVERSITY ADMISSION**" শিরোনামীয় **STD A/C 0100003583354** এ প্রেরণ করতে হবে এবং ফরেন রেমিট্যান্স ডিপার্টমেন্ট-কে ই-মেইলেduadmission@janataremitt.com.bd কে অবহিত করতে হবে। উল্লেখ্য সংগৃহীত টাকা প্রেরণের পূর্বে অবশ্যই ফরেন রেমিট্যান্স ডিপার্টমেন্ট হতে প্রেরিত তথ্যের সাথে মিলাতে হবে এবং কোনক্রমেই সংগৃহীত টাকা উল্লেখিত হিসাবে **Online/T24**-এর মাধ্যমে জমা করা যাবে না। এ ক্ষেত্রে গরমিল পরিলক্ষিত হলে জনাব মোঃ মনিরুল ইসলাম, পিও (আইটি) এবং নেওয়াজ মোঃ বাকী বিল্লাহ, এসও (আইটি) এফআরডি (ফোন ঃ ০২-৯৫১৫৩০৪, ০২-৪৭১১৬০৭৩, ০১৫৫৬৩২৪৭২১) এর সাথে যোগাযোগ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে(০৬/০৯/২০১৭) অর্থ প্রেরণে ব্যর্থ হলে উদ্ভূত পরিস্থিতির দায় সংশ্লিষ্ট শাখা কর্তৃপক্ষকে বহন করতে হবে।

(চ) বিভাগীয় কার্যালয়/এরিয়া অফিসের করণীয় ঃ- বিভাগীয় কার্যালয়/এরিয়া অফিস সমুহ তাদের আওতাধীন শাখা সমুহের সংগৃহীত তথ্য ফরেন রেমিট্যান্স ডিপার্টমেন্ট এ এবং ফি ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস শাখায় প্রেরণ নিশ্চিত করবেন।

(ছ) কোন শাখা হতে **University Admission System** এ তথ্য প্রেরণে প্রযুক্তিগত সমস্যার সম্মুখীন হলে প্রধান কার্যালয়ের আইসিটি সিস্টেম ডিপার্টমেন্ট এর JB Solution Support Cell এ যোগাযোগ করতে হবে।

এমতাবস্থায়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ সম্মান শ্রেণিতে ভর্তির আবেদন পত্রের ফি ব্যাংকের যে কোন শাখায় ০৭/০৮/২০১৭ ইং তারিখ হতে শুরু হয়ে ২৮/০৮/২০১৭ ইং তারিখ পর্যন্ত জমা গ্রহণসহ আবেদনকারীর তথ্য JB Solution এ Login করে **University Admission System** এর মাধ্যমে তাৎক্ষণিক প্রেরণ করতে হবে এবং উক্ত তথ্য এফআরডি হতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সার্ভারে প্রেরণের বিষয়টি নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা যাচ্ছে।

আপনার বিশ্বস্ত,

০৬/০৮/১৭
(মোঃ আবদুর রউফ)
উপ-মহাব্যবস্থাপক

৩.০৮.১৭
(মোঃ শামসুল হক)
মহাব্যবস্থাপক

অনুলিপি ঃ-

১। পি এস টু সিইও এন্ড এমডি, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।

২। পি এস টু ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।

৩। পি এস টু সকল জেনারেল ম্যানেজার, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।

৪। পি এস টু জেনারেল ম্যানেজার, জনতা ব্যাংক লিমিটেড, লোকাল অফিস ঢাকা, জনতা ভবন কর্পোরেট শাখা/বিভাগীয় কার্যালয়, ঢাকা দক্ষিণ/ঢাকা উত্তর/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/সিলেট/বরিশাল/ রংপুর/কুমিল্লা/ ময়মনসিংহ/ফরিদপুর/নোয়াখালী।

৫। অফিস কপি।

পাঃ